

2 0 1 6

BENGALI

( Major )

Paper : 5.4

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। নির্দেশানুযায়ী উত্তর দাও :

১×৭=৭

(ক) ‘পালামৌ’-এর লেখাগুলো কোন্ পত্রিকায় ধারাবাহিক ভাবে প্রকাশিত হয়েছিল ?

(খ) পালামৌ অঞ্চলে মেয়েদের গায়ের রঙ কেমন ছিল ?

(গ) কোল জাতির কতগুলো শাখা থাকার কথা লেখক ‘পালামৌ’ বইতে উল্লেখ করেছেন ?

(ঘ) “\_\_\_\_\_ ফুল পালামৌ অঞ্চলে উপাদেয় খাদ্য বলিয়া ব্যবহৃত হইয়া থাকে।”

( শূন্যস্থান পূর্ণ করো )

(ঙ) কোন্ জাহাজে রবীন্দ্রনাথ খিদিরপুর ডক থেকে জাপান অভিমুখে যাত্রা করেছিলেন ?

(চ) জাপানের কর্তৃপক্ষেরা কোন্ ধর্মকে বিশেষ রূপে প্রশ্রয় দেন ?

(ছ) জাপানের কোবে শহরে রবীন্দ্রনাথ কার বাড়িতে আশ্রয় পেয়েছিলেন ?

(১) কাওয়াগুচি

(২) হারাসান

(৩) টাইকন

(৪) মোরারজি

(সঠিক উত্তরটি বেছে লেখো)

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

(ক) পালানমৌর প্রধান ‘আওলাত’ কোন গাছ? সাধুভাষায় তাকে কী বলে ?

(খ) “বাঘটি আমি স্বহস্তে মারিব।”

বক্তা কে? তিনি কাকে একথা বলেছেন ?

(গ) জাপানযাত্রায় রবীন্দ্রনাথের সঙ্গীদের মধ্যে যে কোনো দুজনের নাম লেখো।

(ঘ) হারাসানের কাছ থেকে রবীন্দ্রনাথ আধুনিক জাপানের যে দুজন শিল্পীর কথা জেনেছিলেন তাঁদের নাম লেখো।

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

(ক) তাৎপর্য বিশ্লেষণ করো :

“বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রেড়ে।”

(খ) সঞ্জীবচন্দ্র বরাকর নদী পার হবার সময় কোল বালক-বালিকার পয়সা চাওয়ার যে দৃশ্যটি দেখেছিলেন তার বর্ণনা দাও।

(গ) পালানমৌতে পাহাড় দেখে সঞ্জীবচন্দ্রের যে অনুভূতি হয়েছিল তা লেখো।

(ঘ) ‘জাপানযাত্রী’ গ্রন্থের বর্ণনা অনুযায়ী জাপানের চা-পান অনুষ্ঠানের একটি প্রতিবেদন প্রস্তুত করো।

(ঙ) হঙ্কঙ্ক বন্দরে চীনা মজুরদের সম্পর্কে রবীন্দ্রনাথের অনুভব ব্যক্ত করো।

৪। ক—গুচ্ছ এবং খ—গুচ্ছের প্রতিটি গুচ্ছ থেকে অন্তত একটি করে মোট তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

ক—গুচ্ছ

(ক) ‘পালানমৌ’ গ্রন্থে অবলম্বনে কোল রমণীদের নৃত্যের বর্ণনা দাও।

(খ) ভ্রমণকাহিনি হিসাবে ‘পালানমৌ’ কতটা সার্থক হয়েছে বলে তোমার মনে হয়? যুক্তিসহ আলোচনা করো।

(গ) সঞ্জীবচন্দ্রের বর্ণনা অনুসরণ করে বাঘ-শিকার পর্বের একটি বিবরণ দাও।

খ—গুচ্ছ

(ক) ‘জাপানযাত্রী’ গ্রন্থে সামুদ্রিক ঝড়ের যে বর্ণনা রবীন্দ্রনাথ দিয়েছেন তা সবিস্তারে লেখো।

(খ) “এখন থেকে ক্রমে জাপানের অন্তরের পরিচয় পেতে আরম্ভ করা গেল।” লেখকের বিবরণ অনুযায়ী এই অন্তরের পরিচয়টি লিপিবদ্ধ করো।

(গ) জাপানি কবিতা সম্পর্কে রবীন্দ্রনাথের অভিজ্ঞতাটি বর্ণনা করো।

\*\*\*